# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 10-03-2025** **Time: 7-50 P.M.**

বিশেষ বিশেষ খবরঃ-

১) কয়েকদিনের বিরতির পর রাজ্য বিধানসভার বাজেট অধিবেশনের দ্বিতীয় পর্ব আজ শুরু হয়েছে।

বিরোধীদের কণ্ঠরোধের অভিযোগকে কেন্দ্র করে বিধানসভার অধিবেশন আজ উত্তপ্ত হয়ে ওঠে।

২) বিরোধী দলনেতা ও দলের মুখ্য সচেতককে সাসপেন্ড করার প্রতিবাদে বিজেপি পরিষদীয় দল আগামীকাল থেকে বিধানসভার বাইরে বিক্ষোভ দেখাবে।

রাজ্যে বিভিন্ন জায়গায় মন্দিরে আক্রমণ ও হিন্দু দেব-দেবীর মূর্তি ভাঙচুরের অভিযোগ করে বিজেপি রাজ্যপালের হস্তক্ষেপ চেয়েছে।

৩) সুপ্রিম কোর্টের বিচারপতি হিসেবে নিযুক্ত হতে চলেছেন কলকাতা হাইকোর্টের বিচারপতি জয়মাল্য বাগচী।

৪) অসংগঠিত ক্ষেত্রে ক্ষুদ্র ও মাঝারি শিল্পে পশ্চিমবঙ্গ দেশের মধ্যে শীর্ষস্থানে রয়েছে বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী জানিয়েছেন।

৫) অচলাবস্থা কাটাতে কর্তৃপক্ষ ও পড়ুয়াদের মধ্যে বৈঠকের দিনেই ফের উত্তপ্ত যাদবপুর বিশ্ববিদ্যালয়।

৬) আই এস এল ফুটবলে মহামেডান স্পোর্টিং আজ পাঞ্জাব এফ সি-র মুখোমুখি হয়েছে।

OOOOOOOOOOOOOOOOOOOOOO

কয়েকদিনের বিরতির পর রাজ্য বিধানসভার বাজেট অধিবেশনের দ্বিতীয় পর্ব আজ শুরু হয়েছে। সকালে প্রয়াত সঙ্গীত শিল্পী প্রতুল মুখোপাধ্যায় সহ সদ্য প্রয়াত বিশিষ্ট ব্যক্তিদের উদ্দ্যেশ্যে শোক প্রস্তাব পাঠের মধ্যে দিয়ে অধিবেশনের সূচনা হয়। এরপর সাময়িক বিরতি নিয়ে শুরু হয় প্রশ্নোত্তর পর্ব। দ্বিতীয় পর্বে চলতি অর্থ বছরে বিভিন্ন দফতরের অতিরিক্ত ব্যয় মঞ্জুরি প্রস্তাব নিয়ে সভায় দুঘন্টা আলোচনা হয়। আগামীকাল থেকে শুরু হবে বিভিন্ন দফতরের আগামী আর্থিক বছরের বাজেটের উপর আলোচনা। যা চলবে আগামী বৃহস্পতিবার পর্যন্ত।

oooooooooooooooooooooo

এদিকে, বিরোধীদের কন্ঠ রোধের অভিযোগকে কেন্দ্র করে রাজ্য বিধানসভার অধিবেশন আজ উত্তপ্ত হয়ে ওঠে। আমাদের প্রতিনিধির প্রতিবেদন।

(ভয়েসকাস্ট – অভিরূপ)

উল্লেখ্য, এর আগে বাজেট অধিবেশনের প্রথম পর্বে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীকে সাসপেন্ড করেছিলেন অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায়।

oooooooooooooooooooooo

বিরোধী দলনেতা ও দলের মুখ্য সচেতককে সাসপেন্ড করার প্রতিবাদে বিজেপি পরিষদীয় দল, আগামীকাল থেকে বিধানসভার বাইরে বিক্ষোভ দেখাবে। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী আজ এক সাংবাদিক বৈঠকে জানিয়েছেন, বিধানসভার প্রবেশ পথে প্রতিদিন দুপুর ১টা থেকে তিনটে পর্যন্ত ধর্না দেওয়া হবে।

পাশাপাশি অধ্যক্ষের অগণতান্ত্রিক আচরণ এবং কন্ঠরোধের চেষ্টার প্রতিবাদে ১৯ তারিখ বারুইপুরে বিজেপি বিধায়করা পথে নেমে বিক্ষোভ দেখাবে।

(বাইট – শুভেন্দু)

তিনি আরও বলেন, বিরোধী দলনেতা ও মুখ্য সচেতককে সাসপেন্ড করার কারণে অধ্যক্ষের কাছে পরিষদীয় দলের বক্তাদের নামের তালিকা জমা দেওয়া সম্ভব নয়।

এদিকে, দলের বাকি বিধায়করা আগামীকাল রাজ্যের বিভিন্ন জায়গায় মন্দিরে আক্রমণ,হিন্দু দেবদেবীর মূর্তি ভাঙচুরের অভিযোগে মুখ্যমন্ত্রীর বিবৃতির দাবী জানাবে এবং মুলতবী প্রস্তাব আনবে বলেও শুভেন্দুবাবু জানিয়েছেন।

পরশু তাঁরা যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ঘটনা ও বিরোধী দলনেতা সহ বিজেপি বিধায়কদের সাসপেন্ড করার প্রতিবাদে মুলতবী প্রস্তাব আনবেন ।

ooooooooooooooooooooooo

রাজ্যের বিভিন্ন জায়গায় মন্দিরে আক্রমণ ও হিন্দু দেবদেবীর মূর্তি ভাঙচুরের অভিযোগ করে বিজেপি, রাজ্যপালের হস্তক্ষেপ চেয়েছে। শুভেন্দু অধিকারীর নেতৃত্বে বিজেপির পরিষদীয় দল আজ বিধানসভা থেকে রাজভবন পর্যন্ত এই ঘটনার প্রতিবাদে মিছিল করে । রাজ্যপালের অনুপস্থিতিতে তার ওএসডি-র কাছে তারা স্মারকলিপি জমা দেন।

পরে সাংবাদিকদের প্রশ্নের উত্তরে বিরোধী দলনেতা অভিযোগ করেন,গত কয়েকদিন ধরেই দুষ্কৃতীরা রাজ্যের বিভিন্ন প্রান্তে মন্দিরে আক্রমণ,হিন্দু দেবদেবীর মূর্তি ভাঙচুর এবং হিন্দুদের দোকান ও বাড়িঘর আগুনে পুড়িয়ে দিচ্ছে। পুলিশ এই ঘটনায় নীরব এবং সরকার কোন পদক্ষেপ নিচ্ছে না।

ooooooooooooooooooooooo

পূর্ব মেদিনীপুরের হলদিয়ার বিজেপি বিধায়ক তাপসী মন্ডল আজ তৃণমূল কংগ্রেসে যোগ দিয়েছেন। ইএম বাইপাসের ধারে তৃণমূল ভবনে গিয়ে তাঁর হাতে আনুষ্ঠানিকভাবে দলীয় পতাকা তুলে দেন অরুপ বিশ্বাস।

পরে, তাপসী সাংবাদিকদের বলেন,

(বাইট – তাপসী)

এদিকে এবিষয়ে প্রশ্নের উত্তরে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী জানিয়েছেন,রাজ্যে আগামী বছর বিধানসভা নির্বাচন রয়েছে। তাই কোনো বিধায়ক জেলা সভাপতি পদে থাকতে পারবেন না বলে বিজেপির শীর্ষ নেতৃত্ব নির্দেশ দিয়েছে। জেলা সভাপতি পদে থাকতে পারবেন না বলে তাপসী মন্ডল তৃণমূল কংগ্রেসে যোগ দিয়েছেন।

উল্লেখ্য ২০১৬ সালে বিধানসভা নির্বাচনে কংগ্রেসের সমর্থনে সিপি আই এম প্রার্থী হিসেবে হলদিয়া থেকে জয় পেয়েছিলেন তাপসী মন্ডল । এরপরে তিনি শুভেন্দু অধিকারীর হাত ধরে বিজেপিতে যোগ দেন।

oooooooooooooooooooooo

সুপ্রিম কোর্টের বিচারপতি হিসেবে নিযুক্ত হতে চলেছেন কলকাতা হাইকোর্টের বিচারপতি জয়মাল্য বাগচী। আইন মন্ত্রক থেকে আজ এক বিবৃতিতে জানা গেছে, রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু এই নিয়োগে অনুমোদন দিয়েছেন। শীর্ষ আদালতের প্রধান বিচারপতি সঞ্জীব খান্নার নেতৃত্বে কলেজিয়াম আগেই বিচারপতি বাগচীর নাম সুপারিশ করে।

উল্লেখ্য, ২০১১ সালের ২৭শে জুন কলকাতা হাইকোর্টের বিচারপতি হিসাবে নিযুক্ত হন বিচারপতি জয়মাল্য বাগচী।

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী জয়মাল্য বাগচি সুপ্রিম কোর্টের বিচারপতি নিযুক্ত হওয়ায় তাঁকে শুভেচ্ছা জানিয়েছেন। এজন্য তিনি গর্বিত বলে সামাজিক মাধ্যমে এক বার্তায় উল্লেখ করেছেন মুখ্যমন্ত্রী।

ooooooooooooooooooooo

অসংগঠিত ক্ষেত্রে ক্ষুদ্র ও মাঝারি শিল্পে পশ্চিমবঙ্গ দেশের মধ্যে শীর্ষ স্থানে রয়েছে। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আজ নিজের এক্স হ্যান্ডেলে জাতীয় সমীক্ষার বার্ষিক রিপোর্টের উল্লেখ করে এই কথা জানান ।

রিপোর্ট অনুযায়ী অসংগঠিত ক্ষুদ্র, মাঝারি শিল্প ও স্বনির্ভর স্বনিযুক্তি ক্ষেত্রে বাংলা সবচেয়ে ভালো কাজ করেছে বলেও তিনি উল্লেখ করেছেন।

রিপোর্টে আরও জানানো হয়েছে উৎপাদন ক্ষেত্রে তেরো দশমিক ৮/ ১ শতাংশ মানুষ যুক্ত । শিল্প উদ্যোগের ক্ষেত্রেও এরাজ্যে মহিলারা এগিয়ে। অসংগঠিত ক্ষেত্রে যুক্ত রয়েছেন বারো দশমিক ৭/ ৩ শতাংশ মহিলা। তাদের নেতৃত্বে অনেক ক্ষুদ্র ও মাঝারি শিল্প তৈরি হয়েছে বলেও মুখ্যমন্ত্রী জানিয়েছেন।

oooooooooooooooooooooo

অচলাবস্থা কাটাতে কর্তৃপক্ষ ও পড়ুয়াদের মধ্যে বৈঠকের দিনে আজ ফের উত্তপ্ত হয়ে ওঠে যাদবপুর বিশ্ববিদ্যালয় চত্বর। অধ্যাপক ওম প্রকাশ মিশ্র বিশ্ববিদ্যালয়ে প্রবেশ করতেই এসএফআই সমর্থকরা প্ল্যাকার্ড হাতে তাকে ঘিরে বিক্ষোভ দেখান। অধ্যাপকের অফিসের সামনে বসে পড়েন তারা। ক্যাম্পাসে পুলিশ মোতায়েন থাকা নিয়ে আপত্তি জানান তাঁরা।

পরে ওম প্রকাশ মিশ্র বলেন,

(বাইট – ওম প্রকাশ)

এদিকে, বাম ছাত্র সংগঠন এসএফআই, যাদবপুর বিশ্ববিদ্যালয়ে আজ পুলিশি প্রবেশের নিন্দা করে অবিলম্বে এই ঘটনার বিবৃতি দাবি করেছে। পাশাপাশি অবিলম্বে বিশ্ববিদ্যালয়ে ছাত্র সংসদ নির্বাচন, ICC নির্বাচন সহ অন্যান্য সব ক্ষেত্রে দীর্ঘদিন ধরে বন্ধ থাকা নির্বাচন করানো, এবং শ্লীলতাহানি, ছাত্র নিগ্রহের সঙ্গে যুক্ত থাকা যেকোনো মানুষের বিরুদ্ধে দ্রুত তদন্ত সহ বিভিন্ন ব্যবস্থা গ্রহনেরও দাবি জানান হয়।

যাদবপুর বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে আজ  পুলিশ বাহিনী প্রবেশ করার  ঘটনায় ALL BENGAL UNIVERSITY TEACHERS' ASSOCIATION (ABUTA) আবুটার পক্ষ থেকেও তীব্র নিন্দা করা হয়েছে।

এদিকে, বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের সঙ্গে বৈঠকে এসএফআই, AIDSO সহ বেশ কিছু সংগঠন তাদের বক্তব্য কর্তৃপক্ষ কে জানালেও কয়েকটি সংগঠন এখনও নিজেদের মধ্যে আলোচনা চালিয়ে যাচ্ছে বলে  জানা গেছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০

জাল ওষুধের রমরমা কারবারের প্রতিবাদে প্রদেশ কংগ্রেস আজ  মধ্য কলকাতার পোদ্দার কোর্ট এলাকায়  ড্রাগ কন্ট্রোল কার্যালয়ের সামনে  বিক্ষোভ কর্মসূচি পালন করে । প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকারের নেতৃত্বে ওই প্রতিবাদ কর্মসূচিতে অংশ নেন দলের অন্য নেতৃবৃন্দ এবং  কর্মী সমর্থকরা।

০০০০০০০০০০০০০০০০০০০০

পশ্চিম মেদিনীপুরের নারায়নগড় ব্লকের মকরমপুর এক নম্বর অঞ্চল তৃণমূল কংগ্রেস কার্যালয়ে গৃহবধূকে ধর্ষণের অভিযোগ উঠেছে অঞ্চল সভাপতির বিরুদ্ধে।

জানা গেছে, বিজেপির সমর্থক ওই গৃহবধূ গতকাল দলের সঙ্গ ত্যাগ করায় মুচলেকা দিতে তৃণমূল কংগ্রেস অঞ্চল কার্যালয়ে যান। সেখানেই তাঁকে ধর্ষণ করা হয় বলে অভিযোগ। ওই মহিলাকে মেদিনীপুর মেডিক্যাল কলেজে ভর্তি করা হয়েছে।

এদিকে, এই ঘটনার প্রতিবাদে বিজেপির পক্ষ থেকে আজ মেদিনীপুরে জেলাশাসকের অফিসের সামনে ধর্ণা ও বিক্ষোভ কর্মসূচী পালন করা হয়। এর নেতৃত্বে ছিলেন  দলের রাজ্য সাধারণ সম্পাদক, বিধায়ক অগ্নিমিত্রা পাল। এই সময় অবরোধকারীদের সঙ্গে পুলিশের ধস্তাধস্তি বাধে। শতাধিক বিজেপি কর্মী সমর্থককে আটক করে থানায় নিয়ে যায় পুলিশ।

প্রদেশ কংগ্রেস নেতা অধীররঞ্জন চৌধুরী এই ঘটনার তীব্র নিন্দা করেছেন।

০০০০০০০০০০০০০০০০০০

কলকাতার ভবানীপুর থানা এলাকায় এক মহিলাকে ধর্ষণের অভিযোগে পুলিশ কীর্তি কুমার মেহেরা নামে এক ব্যবসায়ীকে গ্রেফতার করেছে। ভিন্ন রাজ্যের বাসিন্দা ওই মহিলাকে চাকরি দেওয়ার নাম করে ওই ব্যবসায়ী শরদ বোস রোডের একটি হোটেলে তাকে ডাকে । তারপর মাদক মিশ্রিত পানীয় খাইয়ে তাকে ধর্ষণ করা হয় বলে অভিযোগ। মহিলা গতরাতে ভবানীপুর থানায় অভিযোগ জানালে তার ভিত্তিতে পুলিশ কীর্তি কুমারকে গ্রেফতার করে। তাকে আজ আলিপুর আদালতে তোলা হয়।

০০০০০০০০০০০০০০০০০০০০

কলকাতার কসবা থানা এলাকায় একটি বাইক নিয়ন্ত্রন হারিয়ে রাস্তার পাশে ফুটপাথে দাঁড়িয়ে থাকা এক শিশুকন্যাকে ধাক্কা মারলে সে গুরুতর আহত হয়। আশঙ্কাজনক অবস্থায় ছ' বছরের ঐ শিশুটি হাসপাতালে চিকিৎসাধীন। আহত হয়েছেন বাইক আরোহীও।

০০০০০০০০০০০০০০০০০০০

বেলঘরিয়া শ্যুটআউট কান্ডে পুলিশ অভিযুক্ত ভিকি যাদবকে গ্রেফতার করেছে। তাকে আজ ব্যারাকপুর আদালতে তোলা হলে ৭ দিনের পুলিশ হেফাজতে পাঠানো হয়।

উল্লেখ্য, বেলঘরিয়ার উত্তর বাসুদেবপুরে তৃণমূল কংগ্রেস নেতা বিকাশ সিং ও তার সঙ্গী সন্তু দাসকে লক্ষ্য করে গুলি ছোঁড়ার ঘটনায় অভিযুক্ত ভিকি। গত শনিবারের ওই ঘটনায় পুলিশ গত রাতে ভিকিকে গ্রেফতার করে। ওই ঘটনায় আহত বিকাশ সিং আর জি কর এবং তার সঙ্গী সন্তু দাস সাগর দত্ত হাসপাতালে চিকিৎসাধীন।

০০০০০০০০০০০০০০০০০

আই এস এল ফুটবলে যাদবপুরের কিশোর ভারতী ক্রীড়াঙ্গনে আজ মহামেডান স্পোর্টিং, পাঞ্জাব এফ সি-র মুখোমুখি হয়েছে। একটু আগে পাওয়া খবরে জানা গেছে

২৩ ম্যাচে ১২ পয়েন্ট পেয়ে মহামেডান স্পোর্টিং পয়েন্ট তালিকার সর্ব শেষ ১৩ নম্বর স্থানে আছে। দশম স্থানে থাকা পাঞ্জাব এফ সি সম সংখ্যক ম্যাচে পয়েন্ট ২৭।

০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০